

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
[কর নীতি শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৫.২০১৪/১২৪(১-৫০)

তারিখঃ ২৫ কার্তিক, ১৪২১ বঙ্গাব্দ
০৯ নভেম্বর, ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তি এবং অংশীদারী ফার্ম মর্যাদার করদাতার ক্ষেত্রে লোকাল এলসি'র বিপরীতে উৎসে আয়কর কর্তন প্রসঙ্গে।

সম্প্রতি জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে অবগত হয়েছে যে, ব্যক্তি বা অংশীদারী ফার্ম কর্তৃক লোকাল এলসি অথবা অনুরূপ কোন অর্থায়ন সংক্রান্ত চুক্তির (Financing Agreement) মাধ্যমে মালামাল ক্রয়ের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন সংযোজিত ধারা 52U এর বিধান প্রযোজ্য হবে কিনা এ বিষয়ে মাঠ পর্যায়ে অস্পষ্টতা রয়েছে। যদিও এ বিষয়টি পরিপত্র নং-৩ (আয়কর)/২০১৪, তাং- ২০/০৮/২০১৪ খ্রিঃ এর অনুচ্ছেদ ১৬ তে উদাহরণসহ ব্যাখ্যা করা হয়েছে। তথাপি বিরাজমান অস্পষ্টতা দূরীকরণের লক্ষ্যে 52U ধারার বিধান সম্পর্কে নিম্নরূপে অধিকতর স্পষ্টীকরণ করা হলোঃ

অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52 এবং বিধি-16 থেকে লোকাল এলসিকে বিলোপ করে লোকাল এলসি অথবা অনুরূপ কোন অর্থায়ন সংক্রান্ত চুক্তির (Financing Agreement) মাধ্যমে মালামাল ক্রয়ের উপর উৎসে কর কর্তন সংক্রান্ত একটি সম্পূর্ণ নতুন ধারা 52U সংযোজন করা হয়েছে। উক্ত ধারার বিধান মোতাবেক ১ জুলাই, ২০১৪ অথবা তৎপরবর্তী কোন তারিখে যেকোন বিক্রেতার কাছ থেকে যেকোন শ্রেণীর করদাতা কর্তৃক লোকাল এলসি অথবা অনুরূপ কোন অর্থায়ন সংক্রান্ত চুক্তির (Financing Agreement) মাধ্যমে মালামাল ক্রয়ের ক্ষেত্রে এলসি ইস্যুকারী ব্যাংক কর্তৃক পণ্যের বিক্রেতাকে এলসি মূল্য পরিশোধকালে ৩% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। এলসি'র মূল্য ৫ লক্ষ টাকার অধিক হলে মালামালের ক্রেতা অথবা বিক্রেতা যে কোন শ্রেণীভুক্ত করদাতা হোক না কেন, এলসি ইস্যুকারী ব্যাংক এলসি মূল্য পরিশোধকালে ৩% হারে উৎসে কর কর্তন করবে। তবে 52U ধারায় উল্লিখিত নিত্যপ্রয়োজনীয় পণ্য ক্রয়ের ক্ষেত্রে কর কর্তনের এ বিধান প্রযোজ্য হবে না। লোকাল এলসি'র মাধ্যমে মালামাল বিক্রয়ের উপর উৎসে কর্তিত এ কর চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত না হয়ে অগ্রিম কর হিসেবে বিবেচিত হবে।

স্বাঃ
তাং- ০৯/১১/১৪
মোঃ জসীমুদ্দিন আহম্মেদ
দ্বিতীয় সচিব (কর আইন-১)

বিতরণঃ

১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/(লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট)/(কর জরিপ ও পরিদর্শন)/(কর আপীল ও অব্যাহতি)/(ইন্টারন্যাশনাল ট্যাক্সেস)/(কর নীতি)/(তথ্য ব্যবস্থাপনা ও সেবা)/(অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/ বিসিএস কর একাডেমী, ঢাকা।

৩। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম, কর অঞ্চল-খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ/গাজীপুর/নারায়ণগঞ্জ/কুমিল্লা/বগুড়া।

৪। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা এবং কর আপীল অঞ্চল- চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।